

## 🗏 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১:৫০

## **া** আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

অতএব তোমরা আল্লাহর দিকে ধাবিত হও। আমি তো তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য এক স্পষ্ট সতর্ককারী। — আল-বায়ান

অতএব দৌড়াও আল্লাহর দিকে, আমি তোমাদের জন্য তাঁর পক্ষ হতে স্পষ্ট সতর্ককারী। — তাইসিরুল আল্লাহর দিকে ধাবিত হও; আমি তোমাদের প্রতি আল্লাহ কর্তৃক প্রেরিত সতর্ককারী। — মুজিবুর রহমান So flee to Allah. Indeed, I am to you from Him a clear warner. — Sahih International

- ৫০. অতএব তোমরা আল্লাহর দিকে ধাবিত হও(১), নিশ্চয় আমি তোমাদের প্রতি আল্লাহর পক্ষ থেকে এক স্পষ্ট সতর্ককারী।(২)
  - (১) অর্থাৎ আল্লাহর দিকে ধাবিত হও। উদ্দেশ্য এই যে, তওবা করে গোনাহ থেকে ছুটে পালাও। প্রবৃত্তি ও শয়তান মানুষকে গোনাহের দিকে দাওয়াত ও প্ররোচনা দেয়। তোমরা এগুলো থেকে ছুটে আল্লাহর শরণাপন্ন হও। তিনি তোমাদেরকে এদের অনিষ্ট থেকে বাঁচিয়ে রাখবেন। [দেখুন: ফাতহুল কাদীর; কুরতুবী]
  - (২) এ বাক্যাংশ যদিও আল্লাহ তা'আলারই বাণী, কিন্তু এটি আল্লাহ তাঁর নবীর মুখ দিয়ে বলাচ্ছেন যে, আল্লাহর দিকে দ্রুত অগ্রসর হও। আমি তাঁর পক্ষ থেকে তোমাদের সাবধান করে দিচ্ছি। এ ধরনের কথার উদাহরণ কুরআন মজীদেও বহু স্থানে এসেছে [দেখুন: আত-তাহরীর ওয়াত তানওয়ীর]

তাফসীরে জাকারিয়া

- (৫০) সুতরাং আল্লাহর দিকে ধাবিত হও;[1] নিশ্চয় আমি তাঁর পক্ষ হতে তোমাদের জন্য স্পষ্ট সতর্ককারী।
  - [1] অর্থাৎ, কুফরী ও পাপাচার থেকে তওবা করে সত্ত্বর আল্লাহর দরবারে নত হয়ে যাও এবং তাতে বিলম্ব করো না।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4725

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন